অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/2/2023 **গভর্নর ক্যাথি হোকল**

ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগের ষষ্ঠ রাউন্ডে মোহাক ভ্যালিতে 10 মিলিয়ন ডলার বরাদ্দ লাভের জন্য কার্কল্যান্ড ও ক্লিনটনের বিজয়ী হওয়া সম্পর্কে গভর্নর হোকলের ঘোষণা

স্টেটের বিস্তৃত অর্থনৈতিক এবং কমিউনিটি প্রবৃদ্ধির কৌশলের একটি গুরুত্বপূর্ণ অংশ হিসাবে ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগ

ডাউনটাউন কার্কল্যান্ড ও ক্লিনটনকে পুনরুজ্জীবিত করতে অধিবাসী, কমিউনিটি নেতৃবৃন্দ ও সরকারি কর্মকর্তাদের সাথে স্টেট একসঙ্গে কাজ করবে

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগের (Downtown Revitalization Initiative) ষষ্ঠ রাউন্ডে মোহাক ভ্যালির বিজয়ী হিসেবে কার্কল্যান্ড টাউন ও ক্লিনটন ভিলেজ 10 মিলিয়ন ডলারের তহবিল লাভ করবে। DRI-এর রাউন্ড 6-এর জন্য, স্টেটের 10টি অর্থনৈতিক উন্নয়ন অঞ্চলের প্রতিটি 10 মিলিয়ন ডলারের তহবিল পাবে, যা ডাউনটাউনগুলোকে প্রাণবন্ত অঞ্চলে রূপান্তর করার মাধ্যমে কমিউনিটিগুলোকে তাদের অর্থনীতি শক্তিশালী করতে সাহায্য করার উদ্দেশ্যে স্টেটের তরফ থেকে বরাদ্দকৃত ও বিনিয়োগকৃত মোট 100 মিলিয়ন ডলারের তহবিলের অংশ।

"আমাদের ডাউনটাউন পুনরুজ্জীবীতকরণ উদ্যোগ নিউ ইয়র্ক জুড়ে কমিউনিটিগুলোকে অধিবাসীদের ও দর্শনার্থীদের জন্য সমানভাবে নিজেদের ডাউনটাউনগুলো রূপান্তর ও উন্নত করার রূপকল্প বাস্তবায়ন করার সুযোগ দেয়," **বলেছেন গভর্নর হোকল।** "এই তহবিল কাজে লাগিয়ে, কার্কল্যান্ড ও ক্লিনটন নিজেদের আবাসন সরবরাহ বৃদ্ধি করতে এবং নিজেদের অবকাঠামো আধুনিকায়ন করার পাশাপাশি ডাউনটাউন এলাকার ঐতিহাসিক চরিত্র সমৃদ্ধ করতে সক্ষম হবে।"

DRI ডাউনটাউনের আশেপাশের অঞ্চলগুলোকে উচ্চ মানের জীবন যাপনের সুযোগ প্রদান করে এবং ব্যবসা, কর্মসংস্থান ও অর্থনৈতিক ও আবাসনের বৈচিত্র্যকে আকৃষ্ট করে এমন একটি প্রাণবন্ত ক্রিয়াকলাপের কেন্দ্রস্থলে রূপান্তর করার মাধ্যমে স্টেটের অর্থনৈতিক উন্নয়নের নীতিমালার একটি ভিত্তি হিসেবে কাজ করছে। DRI-এর অতীতের রাউন্ডগুলির মতোই, প্রতিটি নির্বাচিত কমিউনিটি ডাউনটাউন পুনরুজ্জীবিত করার একটি ভিশন সুস্পষ্টভাবে উল্লেখ করে এবং ডাউনটাউনকে রূপান্তর করার এবং আরও বেশি বেসরকারি ও সরকারি বিনিয়োগকে কাজে

লাগানোর সম্ভাবনা রয়েছে এমন কিছু স্বকীয় প্রকল্প সনাক্ত করে এমন একটি বটম-আপ, কমিউনিটি-ভিত্তিক পরিকল্পনা প্রক্রিয়ার মাধ্যমে একটি কৌশলগত পরিকল্পনা প্রণয়ন করবে। স্টেট দপ্তর (Department of State) তারপর পুনরুজ্জীবিতকরণকে দ্রুত শুরু করার জন্য এবং কমিউনিটির ভিশনকে বাস্তবে রূপ দেওয়ার সবচেয়ে বেশি সম্ভাবনা রয়েছে এমন নির্বাচিত প্রকল্পগুলোয় DRI তহবিলের অনুদান দেবে।

<u>ক্লিনটন ভিলেজ ও কার্কল্যান্ড টাউন</u>

দোকান ও ব্যবসা প্রতিষ্ঠান দিয়ে ঘেরা একটি শক্তিশালী ভিলেজ সেন্টার এবং সেইসাথে উন্নত জীবনযাপনের জন্য সুযোগ-সুবিধাসমূহ যেমন কার্কল্যান্ড আর্ট সেন্টার ও ভিলেজ গ্রিন, ক্লিনটন ভিলেজ ও কার্কল্যান্ড টাউনের নোঙ্গর হিসেবে কাজ করছে। হকির প্রতি অঙ্গীকারাবদ্ধতার জন্য এই কমিউনিটি সুপরিচিত, 2018 সালের ক্র্যাফট USA হকিভিল টাইটেল জয়ী হওয়া এবং এটির নতুন সংস্কারকৃত ক্লিনটন এরেনা যার প্রমাণ। এছাড়াও ক্লিনটন ভিলেজ জাতীয়ভাবে স্বীকৃতিপ্রাপ্ত একটি লিবারেল আর্টস কলেজ, হ্যামিল্টন কলেজের (Hamilton College) ঠিকানা, যেটি বৈচিত্র্যপূর্ণ শিক্ষার্থী, ফ্যাকাল্টি ও কর্মীদের আকৃষ্ট করে থাকে। ক্লিনটন ভিলেজ এবং কার্কল্যান্ড টাউনের কিছু অংশ নিয়ে এই কমিউনিটির প্রস্তাবিত DRI এলাকা গঠিত এবং এর মধ্যে এই কমিউনিটির ফেডারেলভাবে নির্ধারিত ঐতিহাসিক ডিস্ট্রিক্ট অন্তর্ভুক্ত রয়েছে। এছাড়াও DRI এলাকাটির মধ্যে গুরুত্বপূর্ণ সম্পত্তিগুলো যেমন ভিলেজ হল (Village Hall), ক্লিনটন সিডার মিল (Clinton Cider Mill) এবং অ্যালটেরি'স রেস্টুরেন্ট (Alteri's Restaurant) অন্তর্ভুক্ত রয়েছে, এবং DRI এলাকার অনেকগুলো ভবন 80 থেকে 100 বছরের পুরোনো।

ক্লিনটন ভিলেজ এবং কার্কল্যান্ড টাউনে সাম্প্রতিক বিনিয়োগগুলো কর্মসংস্থান বৃদ্ধি, অবকাঠামো উন্নয়ন এবং ক্ষুদ্র ব্যবসা ও অলাভজনক সংস্থাগুলোর জন্য সমৃদ্ধি নিয়ে এসেছে। সাম্প্রতিক বিনিয়োগগুলো এবং এটির সমৃদ্ধ ইতিহাস ও সক্রিয় শিল্প ও সংস্কৃতির ঐতিহ্যের উপর ভিত্তি করে, এসব কমিউনিটি অবকাঠামো আধুনিকায়ন করতে, চলমান পরিবেশগত, জলবায়ু ও অর্থনৈতিক উদ্যোগগুলোর প্রতি অঙ্গীকারাবদ্ধ থাকতে এবং এটির ক্রমবর্ধমান বৈচিত্র্যপূর্ণ অধিবাসী ও দর্শনার্থীদের জন্য সুস্থতা, স্বাস্থ্য ও জীবনযাপনের মান সংক্রান্ত কর্মসূচিগুলো সমৃদ্ধ করতে চায়। ক্লিনটন ও কার্কল্যান্ডের রূপকল্প ভিলেজ সেন্টারের বিদ্যমান ব্যবহার সম্প্রসারণ করা, স্থানীয় আবাসনের মজুদ বৃদ্ধি করা, অবকাঠামো আধুনিকায়ন করা এবং যথাযথভাবে ব্যবহার না হওয়া সম্পত্তিগুলো ব্যবহারে উৎসাহিত করার সুযোগের প্রতি মনোযোগ দিচ্ছে।

মোহাক ভ্যালি আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিল এই অঞ্চলের কমিউনিটিগুলোর জমা দেয়া প্রস্তাবগুলোর একটি পুঙ্খানুপুঙ্খ ও প্রতিযোগিতামূলক পর্যালোচনা প্রক্রিয়া সম্পন্ন করেছে এবং কার্কল্যান্ড ও ক্লিনটনকে মনোনীত হিসেবে সুপারিশ করার আগে নিচের সবগুলো শর্ত বিবেচনা করেছে:

- ডাউনটাউনটিকে সুস্পষ্ট সীমানা সহ নিবিড় হতে হবে;
- ডাউনটাউনটিকে আগাম মূলধন হিসাবে বা ভবিষ্যতের বেসরকারি ও সরকারি বিনিয়োগের অনুঘটক হিসাবে কাজে লাগানো যেতে পারে;

- ডাউনটাউনের মধ্যে অথবা ডাউনটাউনের নিকটবর্তী এলাকায় কর্মসংস্থানের সাম্প্রতিক বা আসন্ন বৃদ্ধি ঘটার সুযোগ আছে, যা কর্মীদের আকৃষ্ট করতে পারবে, পুনঃউন্নয়নে সহায়তা করবে এবং টেকসই সমৃদ্ধি বয়ে আনবে;
- ডাউনটাউনটি বৈচিত্র্যময় মানুষের জন্য একটি আকর্ষণীয় ও প্রাণবন্ত কমিউনিটি;
- মিউনিসিপ্যালিটি ইতিমধ্যে জীবন যাপনের সক্ষমতা ও গুণমান বৃদ্ধি করে এমন নীতিমালা তৈরি ও বাস্তবায়ন করেছে অথবা তা করার সক্ষমতা আছে;
- মিউনিসিপ্যালিটি ডাউনটাউনের পুনরুজ্জীবিতকরণের একটি ভিশন এবং প্রকল্প ও উদ্যোগগুলোর একটি প্রাথমিক তালিকা পাওয়া যায় এমন একটি খোলামেলা ও শক্তিশালী কমিউনিটির অন্তর্ভুক্তি প্রক্রিয়ার ব্যবস্থা করেছে;
- মিউনিসিপ্যালিটির কাছে DRI প্রক্রিয়া সামলানোর স্থানীয় সক্ষমতা আছে; এবং
- মিউনিসিপ্যালিটি এমন রূপান্তরমূলক প্রকল্পগুলোকে সনাক্ত করেছে যেগুলি DRI তহবিল পেলেই নিকটবর্তী-মেয়াদে বাস্তবায়নের জন্য প্রস্তুত হয়ে যাবে।

কার্কল্যান্ড ও ক্লিনটনকে স্থানীয় পরিকল্পনা প্রক্রিয়া অনুযায়ী তাদের ডাউনটাউনের এলাকাগুলো পুনরুজ্জীবিত করা এবং দীর্ঘমেয়াদী সমৃদ্ধির জন্য নতুন সুযোগ তৈরি করার জন্য যৌথভাবে 10 মিলিয়ন ডলারের স্টেট তহবিল ও বিনিয়োগ প্রদান করা হয়েছে। কার্কল্যান্ড ও ক্লিনটন ওনিওনটা, রোম, আমস্টারডাম, ইউটিকা, গ্লোভার্সভিল ও লিটল ফলস কমিউনিটির সঙ্গে যোগ দিচ্ছে, যারা DRI-এর প্রথম পাঁচ রাউন্ডে মোহাক ভ্যালি থেকে বিজয়ী হয়েছিল।

কার্কল্যান্ড ও ক্লিনটন DRI অনুদানের 10 মিলিয়ন ডলার থেকে 300,000 ডলার পর্যন্ত পরিকল্পনা তহবিলে বরাদ্দ করে তাদের ডাউনটাউনকে পুনরুজ্জীবিত করার একটি কৌশলগত বিনিয়োগ পরিকল্পনা প্রণয়নের প্রক্রিয়া শুরু করবে। মিউনিসিপ্যাল প্রতিনিধি, কমিউনিটির নেতৃবৃন্দ, ও অন্যান্য স্টেকহোল্ডারদের নিয়ে গঠিত একটি স্থানীয় পরিকল্পনা কমিটি বেসরকারি খাতের একদল বিশেষজ্ঞ ও স্টেট পর্যায়ের পরিকল্পনাকারীদের সহায়তা নিয়ে এই প্রচেষ্টায় নেতৃত্ব দেবে। কৌশলগত বিনিয়োগ পরিকল্পনায় স্থানীয় সংস্থান ও সুযোগগুলো পরীক্ষা করা হবে এবং ডাউনটাউনকে পুনরুজ্জীবিত করার কমিউনিটির ভিশনের সাথে সঙ্গতিপূর্ণ এবং বাস্তবায়ন উপযোগী অর্থনৈতিক উন্নয়ন, পরিবহন, আবাসন, ও কমিউনিটি প্রকল্পগুলো সনাক্ত করবে। কৌশলগত বিনিয়োগ পরিকল্পনা ডাউনটাউনের জন্য কমিউনিটির ভিশনকে অগ্রসর করবে এবং স্টেটের তরফ থেকে দেওয়া এই 10 মিলিয়ন ডলারের বিনিয়োগ কাজে লাগাতে ও সম্প্রসারণ করতে পারবে এমন পুনরুজ্জীবিতকরণ প্রকল্পগুলোতে DRI অনুদানের অর্থ বিনিয়োগের ক্ষেত্রে পথ প্রদর্শন করবে। DRI-এর ষষ্ঠ রাউন্ডের পরিকল্পনাগুলি 2023 সালে সম্পন্ন হবে।

সেক্রেটারি অব স্টেট রবার্ট জে. রডরিগেজ বলেন, "ডাউনটাউন পুনরুজ্জীবীতকরণ উদ্যোগ হচ্ছে স্থানীয় ও আঞ্চলিক অর্থনৈতিক পুনরুজ্জীবীতকরণের জন্য নিউ ইয়র্কের একটি অনন্য কর্মপ্রচেষ্টা যেখানে কমিউনিটিগুলোকে সরাসরি নিজেদের ভবিষ্যতের ব্যাপারে সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে সম্পৃক্ত করা হয়। 10 মিলিয়ন ডলারের এই অনুদান কার্কল্যান্ড ও ক্লিনটনকে এসব কমিউনিটির জন্য এসব কমিউনিটির দ্বারা তৈরি করা একটি রূপকল্প সামনে নিয়ে নিজেদের ডাউনটাউনগুলোকে পুনরুজ্জীবিত করে তোলার এবং পুনরায় প্রাণবন্ত করে তোলার

সুযোগ প্রদান করবে। আমি ভবিষ্যতে তাদের সাফল্য দেখার জন্য অধীর আগ্রহ নিয়ে অপেক্ষা করছি।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) প্রেসিডেন্ট, CEO ও কমিশনার হোপ নাইট বলেন, "হকি, হ্যামিল্টন কলেজ এবং ইতিহাস সবকিছুই কার্কল্যান্ড ও ক্লিনটনের দীর্ঘস্থায়ী আকর্ষণের জন্য অবদান রাখছে, এবং DRI তহবিলের এই ষষ্ঠ রাউন্ড মোহাক ভ্যালির এই কমিউনিটিগুলোর প্রাণবন্ততা আরো বৃদ্ধি করবে। স্থানীয়ভাবে পরিচালিত একটি কৌশলগত বিনিয়োগ পরিকল্পনা ভবনগুলোর আধুনিকায়ন করা এবং এলাকাটির আবাসন ও ব্যবসায়িক সম্ভাবনা সম্প্রসারণ করার প্রকল্পগুলোকে দিকনির্দেশনা প্রদান করবে, যা আরো বেশি প্রবৃদ্ধি ও সুযোগ-সুবিধা আকৃষ্ট করবে।"

হোমস এন্ড কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal)-এর কমিশনার রুথ-অ্যান ভিসনাউকাস বলেন, "কার্কল্যান্ড টাউন এবং ক্লিনটন ভিলেজে 10 মিলিয়ন ডলারের এই বিনিয়োগ নিউ ইয়র্ক জুড়ে ডাউনটাউন এলাকাগুলোর সংস্থানসমূহ সুরক্ষিত রাখার জন্য স্টেটের অঙ্গীকারাবদ্ধতার সর্বশেষ উদাহরণ। এই তহবিল এসব কমিউনিটির পুনরুজ্জীবীতকরণ প্রচেষ্টায় একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে এবং যেসব কাজ সম্পন্ন করা হচ্ছে সেগুলো যাতে ভবিষ্যত প্রজন্মগুলোকে উপকৃত করে সে বিষয়টি নিশ্চিত করতে সাহায্য করবে।"

মোহাক ভ্যালি আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিলের (Mohawk Valley Regional Economic Development Council) সহ-সভাপতি, লরেন্স টি. গিলরয় III, গিলরয়, কার্নান এন্ড গিলরয়, ইনক. (Gilroy, Kernan & Gilroy, Inc.)-এর প্রেসিডেন্ট এবং SUNY কোবলস্কিলের (SUNY Cobleskill) প্রেসিডেন্ট ড. ম্যারিয়ন টেরেনজিও বলেন, "কার্কল্যান্ড টাউন এবং ক্লিনটন ভিলেজের জন্য DRI-এর এই তহবিল যে সুযোগের প্রতিনিধিত্ব করছে MVREDC সেটিকে উৎসাহের সঙ্গে সমর্থন করছে। এই উদ্যোগ এসব কমিউনিটির ক্রীড়া, শিক্ষা ও সাংস্কৃতিক শক্তির দিকগুলো এগিয়ে নিয়ে যেতে সাহায্য করবে, এবং সেগুলোর দীর্ঘমেয়াদী পুনরুজ্জীবিতকরণ আরো সুনিশ্চিত করবে।"

স্টেট সিনেটর জোসেফ গ্রিফো বলেন, "আমি আনন্দিত যে কার্কল্যান্ড টাউন এবং ক্লিনটন ভিলেজ স্টেটের ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগের মাধ্যমে যৌথভাবে তহবিল পাবে। এই বিনিয়োগ উভয় কমিউনিটিকে সমৃদ্ধ করবে, পুনরুজ্জীবিত করবে এবং শক্তিশালী করবে এবং সেগুলোকে আরো উজ্জ্বল ভবিষ্যতের দিকে নিয়ে যেতে সাহায্য করবে।"

অ্যাসেম্বলি সদস্য ব্রায়ান মিলার বলেন, "নিউ ইয়র্ক স্টেটের ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগের (Downtown Revitalization Initiative, DRI) জন্য কার্কল্যান্ড টাউন এবং ক্লিনটন ভিলেজের যৌথ আবেদনের পরিপ্রেক্ষিতে 10 মিলিয়ন ডলারের অনুদান প্রদান করা হয়েছে দেখে আমরা উচ্ছসিত। এই DRI তহবিল অধিবাসীদের সবার জন্য অর্থনৈতিক, পরিবেশগত, শিক্ষাগত ও সাংস্কৃতিক জীবনযাপনের মান সমৃদ্ধ করতে কমিউনিটির অঙ্গীকারাবদ্ধতায় ব্যাপক অবদান রাখবে। কার্কল্যান্ড টাউন এবং ক্লিনটন ভিলেজ একটি প্রাণবন্ত ও টেকসই ডাউনটাউন কমিউনিটি গড়ে তোলার জন্য DRI অনুদানকে কাজে লাগাবে, এবং নিজেদের কমিউনিটিকে

শক্তিশালী করে তুলতে সাহায্য করার জন্য প্রয়োজনীয় তহবিল প্রদান করতে নিজেদের অধিবাসীদের পক্ষ থেকে তাদের অব্যাহত প্রচেষ্টার জন্য আমি মিউনিসিপ্যালিটিগুলোকে সাধুবাদ জানাই। গভর্নর ক্যাথি হোকলকে এবং এটিকে সম্ভব করে তোলা সংশ্লিষ্ট সবাইকে ধন্যবাদ।"

কার্কল্যান্ড টাউনের ডেপুটি সুপারভাইজর গ্যারি কোলারুশো বলেন, "এটি তিন বছর ধরে চলমান একটি কাজ। এটি আমাদের তৃতীয় প্রচেষ্টা এবং আজ এটি যারা নিয়ে এসেছেন সেসব ব্যক্তিদের নিয়ে আমি অত্যন্ত গর্বিত। এসব ব্যক্তি আমার হৃদয়ে জায়গা করে নিয়েছেন। এটি চমৎকার ব্যক্তিদের একটি দল যা শুধু টাউনশিপ বা ভিলেজের মধ্যেই সীমাবদ্ধ নয়। ভিলেজটির অবস্থান টাউনশিপের প্রায় কেন্দ্রস্থলে হওয়ায় আমাদের মধ্যে একটি চমৎকার সম্পর্ক রয়েছে এবং এসব কিছু এটিকে একটি বিশেষ স্থানে পরিণত করেছে।"

ক্লিনটন ভিলেজের মেয়র এলিজাবেথ ট্যানটিলো বলেন, "এই কমিউনিটির জন্য 10 মিলিয়ন ডলার পাওয়ার এটি অসাধারণ একটি উপায়। এই দিনটির জন্য প্রস্তুত হতে যারা সাহায্য করেছেন তারা সত্যিকার অর্থেই এই কাউন্টি এবং ভিলেজটিকে একসঙ্গে একতাবদ্ধ করেছেন এবং আমরা এই কমিউনিটিতে চমৎকার সব বিষয় ঘটতে দেখার প্রত্যাশা রাখি।"

ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগ সম্পর্কে

2016 সালে ডাউনটাউন রিভাইটালাইজেশন ইনিশিয়েটিভ তৈরি করা হয়েছিল রাজ্যের সব দশটি অঞ্চলের শহরতলি এবং পাড়াগুলির পুনরুজ্জীবনকে ত্বরান্বিত করতে এবং বিস্তৃত করার জন্য কার্যকলাপের কেন্দ্র এবং বিনিয়োগের জন্য অনুঘটক হিসাবে কাজ করার জন্য। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development), হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal) এবং NYSERDA-এর সহায়তায় ডিপার্টমেন্ট অফ স্টেটের নেতৃত্বে, DRI একটি অভূতপূর্ব ও উদ্ভাবনী "পরিকল্পনা-তারপর-বাস্তবায়ন" কৌশলের প্রতিনিধিত্ব করে যা তাৎক্ষণিক বাস্তবায়নের সাথে কৌশলগত পরিকল্পনা করে এবং এর ফলে কম্প্যাক্ট, হাঁটারযোগ্য ডাউনটাউন যা পাবলিক ট্রানজিটের ব্যবহার এবং ব্যক্তিগত যানবাহনের উপর নির্ভরতা হ্রাস করে রাষ্ট্রের সাহসী জলবায়ু লক্ষ্য অর্জনের পাশাপাশি নিউ ইয়র্ক স্টেটকে কোভিড-19 মহামারীর প্রভাব থেকে এর অর্থনীতি পুনর্নির্মাণে সাহয্য করার একটি মূল উপাদান।

এই কর্মসূচির প্রথম চার বছরে, স্টেট পুনরুজ্জীবিতকরণের জন্য উপযুক্ত অবস্থায় রয়েছে এবং পুনঃউন্নয়ন, ব্যবসা, কর্মসংস্থান তৈরি, বৃহত্তর অর্থনৈতিক ও আবাসন সংক্রান্ত বৈচিত্র্য, ও সুযোগ-সুবিধাকে আকৃষ্টকারীতে পরিণত হওয়ার সম্ভাবনা রয়েছে এমন 59টি ডাউনটাউনে 600 মিলিয়ন ডলার বিনিয়োগ করতে অঙ্গীকারাবদ্ধ হয়েছে। ডাউনটাউনের যোগ্যতা ও রূপান্তরণের ভিত্তিতে অংশগ্রহণকারী কমিউনিটিগুলিকে স্টেটের 10-টি আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিল মনোনীত করেছে। একটি ডাউনটাউন কৌশলগত বিনিয়োগ পরিকল্পনা প্রণয়ন এবং পুনরুজ্জীবিতকরণের জন্য কমিউনিটির ভিশনকে সামনে এগিয়ে নিবে এবং আরো বেশি বেসরকারি ও সরকারি বিনিয়োগকে কাজে লাগাবে এমন গুরুত্বপূর্ণ অনুঘটক প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য প্রতিটি কমিউনিটিকে 10 মিলিয়ন ডলার অনুদান প্রদান করা হয়েছে।

DRI সম্পর্কে আরো তথ্য এখানে পাওয়া যাবে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন